আলমডাঙ্গার ওসমানপুরে যৌথবাহিনীর অভিযানে ১ কেজি গাঁজাসহ ব্যবসায়ী গ্রেপ্তার

আলমডাঙ্গায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে সেনাবাহিনীর যৌথ অস্ত্র ও মাদক উদ্ধার অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মতিয়ার রহমান বুদো নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

গতকাল শনিবার রাত ৭ টার দিকে উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মতিয়ার রহমান বুদো (৫৭) একই গ্রামের মৃত ফকির চান মন্ডল।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, শনিবার রাতে উপজেলার ওসমানপুর গ্রামে মাদক ও অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনা করে সেনাবাহিনী ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এসময় গোপন সংবাদের ভিত্তিতে ওসমানপুর গ্রামে মাদক ব্যবসায়ী বুদোর বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় বুদোকে গ্রেপ্তার ও তার বসতঘর তল্লাশি করে ১ কেজি গাঁজা উদ্ধার করেন যৌথবাহিনীর সদস্যরা।

এ ঘটনায় চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক ইয়াসমিন বাদী হয়ে শনিবার রাতে বুদোর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন।

দামুড়হুদায় ১ কেজি গাঁজাসহ তিনজন আটক

দামুড়হুদা মডেল থানার পুলিশ পৃথক পৃথক স্থানে মাদক বিরোধী অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ তিন জনকে আটক করেছেন।আটকৃতরা হলো

জজ(২৩) মোক্তারপুর গ্রামের ছাব্দার আলির ছেলে, তৈয়ব আলি (২৮) মোক্তার পুর গ্রামের কুদ্দুসের ছেলে আবু জাফর (৪৫) উজিরপুর গ্রামের মৃত্যু মফিজ উদ্দীনের ছেলে ।

গতকাল শুক্রবার সন্ধা সাড়ে ৬ টার দিকে বিভিন্ন স্থান থেকে তাদেরকে আটক করেন।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নির্দেশনায় গোপন সংবাদের ভিত্তিতে এস আই মাহবুবুর রহমান,এস আই জাহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার মোক্তারপুর গ্রামের ছাব্দার আলির ছেলে জজ ও একই গ্রামের কুদ্দুসের ছেলে তৈয়ব আলি ও উজিরপুর গ্রামের মৃত মফিজ উদ্দীনের ছেলে আবু জাফর আলিকে আটক করেন। পরে তাদের দেহ তল্লাশী করে ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

দামুড়হুদা মডেল থানায় তাদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়। তাদেরকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়।